

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পরিচালকের কার্যালয়
কল্যাণ পরিদপ্তর
বাপাউবো, পানি ভবন, (লেভেল-১)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ওয়েবসাইট- dir.welfare@bwdb.gov.bd



OFFICE OF THE DIRECTOR
Directorate of Welfare
BWDB, PANI BHABAN, (Level-1)
72, Green Road, Dhaka-1205.
Webmail- dir.welfare@bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৬.৩৩.০০৮.১০.১৪৪

তারিখ: ২৫ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ/১০ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ।

সাকুলার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম অধিদপ্তরের স্মারক নং-৪০.০২.০০০০.০০০.০৩৪.৫০.০০১১.২৫.৪৮২ তারিখ: ১৭ ডিসেম্বর ২০২৫খ্রি. মোতাবেক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড জাতীয়তাবাদী শ্রমিক কর্মচারী ইউনিয়ন রেজিঃনংবি-১৯০১-কে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মচারীগণের জন্য সিবিএ (যৌথ দরকষাকষি প্রতিনিধি) হিসেবে ঘোষণা করা হয়েছে। তৎপক্ষে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড জাতীয়তাবাদী শ্রমিক কর্মচারী ইউনিয়ন রেজিঃনংবি-১৯০১ (সিবিএ) বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ২০৪ ধারা মোতাবেক উক্ত ইউনিয়নের সদস্যদের লিখিত সম্মতি সাপেক্ষে মাসিক বেতন হতে ২০.০০ (বিশ) টাকা চাঁদা কর্তন করে ইউনিয়নের জনতা ব্যাংক পিএলসি, গ্রীনরোড কর্পোরেট শাখা, ঢাকার সঞ্চয়ী হিসাব নং-০১০০২৮৬৯৮৬৭৯৪-তে জমা করার জন্য আবেদন করেছেন।


০২। সে পরিপ্রেক্ষিতে, বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ২০৪ (১), (২) ও (৩) ধারা অনুযায়ী নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করার জন্য বোর্ডের পরিচালক, হিসাবরক্ষণ পরিদপ্তর, পরিচালক, অর্থ পরিদপ্তর ও সকল আয়ন-ব্যয়ন কর্মকর্তা (র‍্যাক প্রধান)-কে অনুরোধ জানানো হলোঃ-

(ক) সিবিএ ইউনিয়নের সদস্যবর্গের সম্মতি পত্র গ্রহণ সাপেক্ষে (সদস্যবর্গের সম্মতিপত্র সিবিএ'র কেন্দ্রীয়/সংশ্লিষ্ট আঞ্চলিক পরিষদ হতে সংগ্রহ করা যাবে) প্রতি সদস্যের নিকট হতে মাসিক মাথাপিছু ২০.০০ (বিশ) টাকা হারে বেতন হতে কর্তনপূর্বক পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে উক্ত ইউনিয়ন এর জনতা ব্যাংক পিএলসি, গ্রীনরোড কর্পোরেট শাখা, ঢাকার সঞ্চয়ী হিসাব নং-০১০০২৮৬৯৮৬৭৯৪-তে জমা প্রদান করবেন।

(খ) কর্তনকৃত/জমাকৃত টাকার একটি তফসিল বা বিবরণী মাসিক হিসাবের সাথে এবং অপর একটি তফসিল উক্ত ইউনিয়নের কেন্দ্রীয় কার্যালয়ে প্রেরণ করবেন।

(গ) চাঁদা প্রদানকারী সদস্যদের একটি তালিকা কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা দপ্তরে প্রেরণ করবেন। সাকুলার জারীর তারিখ হতে চাঁদা কর্তন কার্যকর হবে।

বোর্ডের আদেশক্রমে


(এস এম হাম্মুন কবীর)

পরিচালক (প্রশাসন)

কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

তারিখ: ২৫ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ/১০ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ।

স্মারক নং-৪২.০১.০০০০.০২৬.৩৩.০০৮.১০.১৪৪

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল)..... বাপাউবো,.....।

০২। প্রধান পানি ব্যবস্থাপনা/নিয়ন্ত্রক (অহিনি), বাপাউবো, ঢাকা।

০৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পরিচালক/প্রকল্প পরিচালক/ মূখ্য সম্প্রসারণ কর্মকর্তা/সমমান (সকল)..... বাপাউবো,।

০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।


০৬। নির্বাহী প্রকৌশলী/ উপপরিচালক/ উপপ্রধান সম্প্রসারণ কর্মকর্তা/ সমমান (সকল)..... বাপাউবো,।

০৭। উপপরিচালক/সিনিয়র সহকারী পরিচালক/সহকারী পরিচালক (অহিনি) (সকল)..... আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো,.....।

০৮। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড জাতীয়তাবাদী শ্রমিক কর্মচারী ইউনিয়ন (রেজি: নং-বি-১৯০১) (সিবিএ), ওয়াপদা ভবন, ক্যান্টিন বিল্ডিং (২য় তলা), মতিঝিল, ঢাকা-১০০০। (সিবিএ ইউনিয়নের সদস্যদের চাঁদা কর্তনের সম্মতিপত্র সিবিএ এর কেন্দ্রীয়/আঞ্চলিক পরিষদের মাধ্যমে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা (র‍্যাক প্রধান) এর দপ্তরের নিকট প্রেরণের ব্যবস্থা গ্রহণ এবং প্রতি আর্থিক বছরের চাঁদা প্রাপ্তির একটি বিবরণী বোর্ডের নিকট দাখিল করার জন্য অনুরোধ জানানো হলো।)

০৯। ব্যক্তিগত সহকারী, অতি: মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।

১০। দপ্তর কপি।


(মো: হাসিবুর রহমান)

সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন)
কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।